

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date : 16-12-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

বিজয় দিবস:

আজ ১৬ই ডিসেম্বর, ঐতিহাসিক বিজয় দিবস। এই উপলক্ষে রাজ্যপাল ইন্দ্র সেনা রেডিও নাগ্নু সকাল ন'টায় রাজধানীর এলবার্ট এক্সা পার্কে অবস্থিত যুদ্ধ স্মৃতিস্মারক স্থলে পুষ্পস্তবক দিয়ে ১৯৭১ সালের যুদ্ধে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন। রাজ্যপাল সেখানে একটি সাইকেল র্যালির শুভ সূচনা করবেন এবং অংশগ্রহণকারীদের সাথে মতবিনিময় করবেন। এই উপলক্ষে এলবার্ট এক্সা যুদ্ধ স্মারকস্থলে সন্ধ্যা ছ'টায় আয়োজন করা হয়েছে বিশেষ সাংস্কৃতিক সন্ধ্যার। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা সেখানে ভাষণ দেবেন এবং শিশু ও অন্যান্যদের মধ্যে পুরস্কার বিতরণ করবেন। পরিবেশিত হবে জাতীয় সংগীতও।

Amit Shah:

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল রায়গড়ে ছত্তিশগড় পুলিশকে মর্যাদাপূর্ণ 'প্রেসিডেন্ট'স কালার' পুরস্কার প্রদান করেন। এই অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে তিনি মাওবাদীদের অস্ত্র ত্যাগ করে সমাজের মূলধারায় যোগ দেওয়ার আহ্বান জানান। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ছত্তিশগড় সরকার একটি উত্তম আত্মসমর্পণ নীতি প্রবর্তন করেছে এবং আত্মসমর্পণকারী মাওবাদীদের একটি ভাল পুনর্বাসন প্যাকেজ দেওয়া হবে।

Blood Donation-Governor:

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু বলেছেন, রক্তদান শুধুমাত্র একটি দান নয়, এটি বরং সামাজিক দায়বদ্ধতার এক অনস্বীকার্য উদাহরণ। রক্তদানের মাধ্যমে মানুষের জীবনের অন্তর্নিহিত মূল্য ও মর্যাদাকেও স্বীকার করা হয়।

অ্যাসোসিয়েশন অব সার্ভিস ইঞ্জিনিয়ার্স অব ত্রিপুরার বার্ষিক সাধারণ সম্মেলন উপলক্ষে গতকাল আগরতলার সুকান্ত একাডেমিতে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে এই একথা বলেন তিনি। এই অনুষ্ঠানে

রাজ্যপাল ভবিষ্যৎ প্রয়োজনীয়তার কথা মাথায় রেখে রাজ্যব্যাপী রক্তদাতাদের একটি সামগ্রিক তালিকা তৈরি করার উপর গুরুত্বারোপ করেন।

CM-Udaipur:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পরামর্শেই রাজ্যে আধুনিক পরিকাঠামো গড়ে তোলার কাজ শুরু হয়েছে। পরিকাঠামোর উন্নয়নের জন্য রাজ্য সরকারের বাজেটে প্রায় ৭ হাজার কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। গতকাল উদয়পুরের রমেশ ইংরেজি মাধ্যম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে ৭টি প্রকল্পের শিলান্যাস ও ভার্চুয়ালি গামারিয়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের নবনির্মিত দ্বিতল ভবনের দ্বারোদঘাটন করে তিনি একথা বলেন। তিনি আরও বলেন, রাজ্যে যোগাযোগ, শিক্ষা, স্বাস্থ্য ও ক্রীড়াক্ষেত্র সহ বিভিন্ন ক্ষেত্রে উন্নত পরিকাঠামো গড়ে তোলার কাজ চলছে। সরকারের লক্ষ্য হল এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তোলা।

One Nation One Election:

কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুনরাম মেঘওয়াল 'এক দেশ এক নির্বাচন' সম্পর্কিত দুটি বিল আজ লোকসভায় পেশ করবেন। এই বিল দুটি হল- সংবিধানের ১২৯ তম সংশোধনী বিল ও কেন্দ্রশাসিত অঞ্চল আইন সংশোধনী বিল। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভা গত বৃহস্পতিবার এই বিল অনুমোদন করে। এই সংশোধনী বিলে লোকসভা ও বিধানসভা নির্বাচন একসঙ্গে করার প্রস্তাব রাখা হয়েছে।

Tripura Bidyut Nigam:

মর্যাদাপূর্ণ শক্তি সংরক্ষণ পুরস্কার 'ন্যাশনাল এনার্জি কনজারভেশন অ্যাওয়ার্ড'-এর গ্রুপ-৪ এর মধ্যে ত্রিপুরা প্রথম পুরস্কার পেয়েছে। নয়াদিল্লির বিজ্ঞান ভবনে আয়োজিত শক্তি সংরক্ষণ দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এই পুরস্কার প্রদান করা হয়। রাজ্য বিদ্যুৎ নিগমের ভারপ্রাপ্ত ম্যানেজিং ডিরেক্টর সর্বজিৎ সিং ডোগরা এবং নিগমের এ. জি. এম, সীমা দাস এই পুরস্কার গ্রহণ করেন। শিল্প, বাণিজ্যিক এবং আবাসিক ক্ষেত্রে শক্তি সঞ্চয়ে অসামান্য অবদানের জন্য ত্রিপুরার ব্যুরো অফ এনার্জি এফিশিয়েন্সি-কে স্বীকৃতি স্বরূপ এই পুরস্কার দেওয়া হয়েছে।

Ganja

সোনামুড়া থানার পুলিশ এবং টি.এস.আর যৌথভাবে অভিযান চালিয়ে গতকাল প্রায় ৭০ হাজার গাঁজা গাছ ধ্বংস করেছে। বেলা ১২ টা থেকে বিকেল প্রায় ৩ টা পর্যন্ত এই অভিযান চলে ওই

থানাধীন ময়নামা এলাকার গভীর জঙ্গলে। অভিযানের নেতৃত্বে ছিলেন থানার ও.সি জয়ন্ত কুমার দে, সাব-ইন্সপেক্টর শিবানী দেববর্মা এবং জগবন্ধু দেবনাথ।

Accident:

৮ নম্বর জাতীয় সড়কের কলসীমুখে গতকাল দুপুরে একটি মালগাড়ির সঙ্গে মোটর বাইকের মুখোমুখি সংঘর্ষে বাইকচালক কলসীর বাসিন্দা সুকান্ত হাজারীর ঘটনাস্থলেই মৃত্যু হয়। অমল দেবনাথ ও কর্ন দাস নামে আহত অপর দুই আরোহীকে জোলাইবাড়ি সামাজিক স্বাস্থ্যকেন্দ্র থেকে দক্ষিণ জেলা হাসপাতালে উন্নত চিকিৎসার জন্য পাঠানো হয়।

National School Judo:

জাতীয় স্কুল জুডো প্রতিযোগিতার অনূর্ধ্ব ১৭ বছর বয়সী বালিকাদের আসরে বিজয়ীদের মধ্যে গতকাল এক অনুষ্ঠানে পুরস্কার বিতরণ করা হয়। এন এস আর সি সি'র ইন্ডোর হল-এ চারদিনের আসরের শেষ দিনে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, পদ্মশ্রী অলিম্পিয়ান দীপা কর্মকার-সহ ক্রীড়া দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন।

Weather :

আজ দিনের আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। রাজ্যের কিছু কিছু জায়গায় রাতের দিকে ঘন কুয়াশা পরার সম্ভাবনা রয়েছে। আজ সকালের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৯.৮ ডিগ্রি সেলসিয়াস।
